


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 118 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৭৪ ● কলকাতা ● ২৬ আশ্বিন, ১৪৩২ ● সোমবার ● ১৩ অক্টোবর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা




পর্ব 81

## হিমালয়ের সমর্পণ যোগ



আর যখন আমি তাঁর পদক্ষেপের দিকে দেখতাম, তখন মনে হত তিনি পৃথিবীর উপর পদক্ষেপ রাখছেন না, কেবল পদদ্বারা পৃথিবীকে হাল্কা স্পর্শমাত্র করছেন, তাঁর পায়ের নীচে কোন সবুজ পাতাও যদি চেপে যেত, তাহলে তাঁর পা উঠানোর পর তা আগের মত আবার দাঁড়িয়ে যেত, যেন কোন পাতা কোন স্প্রিংয়ের সাহায্যে খাড়া হয়ে গেছে।

আমার মনোযোগ সর্বদা তাঁর চরণের উপরই হত, মনে কর তাঁর চরণেই আমার সারা দুনিয়া সীমিত হয়ে গিয়েছিল। শুরু শুরুতে আমায় একটু বিসদৃশ লাগত।

ক্রমশঃ

# দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়াকে 'গণধর্ষণ'কাণ্ডে গ্রেফতার ৩



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মেডিক্যাল পড়ুয়াকে গণধর্ষণের ঘটনায়, সকাল থেকেই ড্রোন উড়িয়ে চলছে পুলিশের তল্লাশি। দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়াকে 'গণধর্ষণ' এর ঘটনায় পূর্বেই MBBS পড়ুয়ার গণধর্ষণকাণ্ডে আটক করা হয়েছিল বেশ কয়েকজনকে। এবার ডাক্তারি পড়ুয়াকে 'গণধর্ষণ'কাণ্ডের ৩৬ ঘণ্টা পর গ্রেফতার করা হল ৩ জনকে।পুলিশ জানিয়েছে, নির্যাতিতার সঙ্গীর ভূমিকাও খতিয়ে দেখা হচ্ছে। একজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। RG কর-কাণ্ডের ছায়া এবার দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজে! ক্যাম্পাসের কাছেই ডাক্তারি পড়ুয়াকে গণধর্ষণের অভিযোগ উঠল বহিরাগতদের বিরুদ্ধে। নির্যাতিতা দুর্গাপুরের IQ সিটি মেডিক্যাল কলেজের দ্বিতীয় বর্ষের MBBS পড়ুয়া। ওড়িশার জলেশ্বরের বাসিন্দা তিনি। পুলিশ সূত্রে দাবি, নির্যাতিতার অভিযোগ, শুক্রবার রাত সাড়ে ৮টা নাগাদ তিনি সহপাঠীর সঙ্গে বাইরে খেতে গিয়েছিলেন। ফেরার সময় ২-৩ জন যুবক রাস্তা আটকায়। ডাক্তারি


এরপর ৬ পাতায়





# ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে ৫ বছর ধরে বন্ধ সিসিইউ




**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

আলিপুরদুয়ার জেলা হাসপাতালের থেকেও এখন আউটডোরে রোজ রোগী বেশি আসেন ফালাকাটা সুপার স্পেশালিটিতে।এমনকি তিন জেলার কয়েক লক্ষ মানুষ এই হাসপাতালের উপর নির্ভরশীল।এখানে মেলে একাধিক পরিষেবা।কিন্তু অভিযোগ,গত প্রায় ৫বছর ধরে হাসপাতালে বন্ধ হয়ে পড়ে আছে ক্রিটিক্যাল কেয়ার ইউনিট(সিসিইউ)। সিসিইউ চালাতে গেলে যে লোকবলের দরকার তা না থাকাতেই এখন ৫ বছর ধরে নামি-দামি সব যন্ত্রপাতি পড়ে নষ্ট হচ্ছে।খোদ মুখ্য মন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতে উদ্বোধন হওয়া সিসিইউ বন্ধ থাকায় সমস্যায় পড়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ।এমনকি ক্ষোভ দেখা দিয়েছে হাসপাতালে আসা রোগী থেকে সাধারণ মানুষের।

যদিও ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালের সুপার শুভাশিষ শী বলেন,সিসিইউ পরিষেবার জন্য স্বাস্থ্য ভবনে ফাইল পাঠানো আছে।এখনও সেখান থেকে আমাদের কিছু জানানো হয়নি।

ফালাকাটা সুপার স্পেশালিটি হাসপাতালে প্রায় পাঁচ বছর ধরেই ১০শয্যার সিসিইউ রুমে পড়ে রয়েছে আধুনিক সব যন্ত্রপাতি,বেড় সহ অন্য সামগ্রী।প্রয়োজনীয় চিকিৎসকের অভাবেই নাকি ওই সময় থেকে সিসিইউ বন্ধ হয়ে যায়।ফলে সিসিইউ এর মতো গুরুত্বপূর্ণ পরিষেবা বন্ধ হয়ে যাওয়ায় বিপাকে পড়েছেন ফালাকাটা ও আশপাশের জেলার কয়েক লক্ষ মানুষ। অভিযোগ,সিসিইউ না থাকায় অল্প মুমূর্ষ রোগীকেও এখন রেফার করে দেওয়া হচ্ছে।আবার বেশি মুমূর্ষ রোগীকে ভর্তিই রাখা হচ্ছে না। এই অবস্থায় রোগী নিয়ে বিপাকে পড়ছেন রোগীর আত্মীয়রা। ফালাকাটার বাসিন্দাদের বাইরে গিয়েও চিকিৎসা করাতে যথেষ্ট বেগ পেতে হচ্ছে।রোগীর আত্মীয়রা জানিয়েছেন,এখন সিসিইউ'তে রেখে রোগীকে চিকিৎসা করাতে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল,কোচবিহার এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যেতে হচ্ছে।সেখানে নিয়ে যাওয়ায় ভোগান্তি এবং গাড়ি ভাড়া গুনতে হচ্ছে অনেক।আবার মেডিকেলে নিয়ে যাবার পরেও মিলছে না বেড।বাধ্য হয়ে সিসিইউ'এর জন্য বেসরকারী হাসপাতালই এখন ভরসা ফালাকাটাবাসীর।

## বেসরকারি কলেজে কোনও ঘটনা ঘটলে, তার দায়িত্ব কার, প্রশ্ন তুলেছেন মমতা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



আর জি কর কাণ্ডের পর দুর্গাপুরে বেসরকারি মেডিক্যাল কলেজের ছাত্রীকে গণধর্ষণের অভিযোগ। সেই নিয়ে বিরোধীরা যখন আক্রমণ শানিয়ে চলেছেন, নীরবতা ভাঙলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বেসরকারি কলেজে কোনও ঘটনা ঘটলে, তার দায়িত্ব কার, প্রশ্ন তুলেছেন তিনি। পাশাপাশি, মমতার দাবি, রাতে ছাত্রীদের বাইরে বেরনো নিয়ন্ত্রণ করা উচিত।সিপিএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, "মুখ্যমন্ত্রী কার্যত, স্পষ্টত বলে দিলেন... ক'দিন আগে কলকাতা নিরাপদতম শহর হয়েছিল না! সেটা যে নয়, তা প্রমাণ করে দিলেন। বললেন, কেন রাতে বেরোবে ছাত্রারী? অভয়াকাণ্ডের সময় বলেছিলেন, মহিলারা কেন রাতে কাজে বেরোবেন! সেই নিয়ে তুমুল বিতর্ক হয়েছিলেন। উনি মহিলা মুখ্যমন্ত্রী হওয়ার আগে সকলে বলতেন, রাতে কেন মহিলারা বেরোতে পারবেন না? মাঝরাতেও কলকাতায় বেরোতে পারতেন নিশ্চিন্তে। নিরাপত্তার অভাব ছিল না। সেই পশ্চিমবঙ্গ, সেই কলকাতা, সেই দুর্গাপুর মেয়েদের জন্য নিরাপদ যে নয়, তা ওঁর কথাতেই প্রমাণ হয়ে গেল। বেসরকারি কলেজের কথা বললেন। তারা তো ক্যাম্পাসের ভিতরে দেখবে। কলেজের বাইরের জায়গা তো পূর্ত দফতর, বন দফতর, রাজ্যের জায়গা! কী বলছেন উনি? মুখ্যমন্ত্রীর এই ধরনের মন্তব্য দুষ্কৃতীদের বাড়তে সাহায্য করছে।"

এরপর ৫ পাতায়






(১ম পাতার পর)

# দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়াকে 'গণধর্ষণ'কাণ্ডে গ্রেফতার ৩

পড়ুয়ার মোবাইল ফোন কেড়ে, নির্জন জায়গায় টেনে নিয়ে গিয়ে তাঁকে গণধর্ষণ করা হয় বলে অভিযোগ। এই ঘটনায় ছাত্রীর সঙ্গে থাকা সহপাঠীকেও সন্দেহের বাইরে রাখছে না অভিযোগকারিণীর পরিবার।ভিন রাজ্য থেকে দুর্গাপুরে ডাক্তারি পড়তে আসা তরুণীকে গণধর্ষণের অভিযোগ উঠেছে। নির্যাতিতার দাবি, তিনি সহপাঠীর সঙ্গে বাইরে খেতে গেছিলেন। অভিযোগ, ফেরার সময় তাঁর পথ আটকে, মোবাইল ফোন কেড়ে নিয়ে গণধর্ষণ করা হয়। এই ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছে নির্যাতিতার পরিবার। পুলিশ সূত্রে খবর, পুলিশ একাধিক তথ্যপ্রমাণ পেয়েছে। এবং সেই তথ্যপ্রমাণের ভিত্তিতেই কয়েকজনকে আটক করা হয়। এবং যাদেরকে আটক করা হয়েছে, তাঁদের এই ঘটনা সরাসরি যুক্ত থাকার সম্ভাবনা রয়েছে। গোটা ঘটনায় তিনজনের উপস্থিতি একেবারে স্পষ্ট বলেই দাবি করা হয়েছে। আটকের পর তাঁদের পুলিশি জিজ্ঞাসাবাদ চলছিল।এবং শেষ অবধি পাওয়া খবর, এবার মোবাইলের টাওয়ার লোকেশন ট্র্যাক করে তাঁদেরকে গ্রেফতার করা হয়েছে।

গণধর্ষণকাণ্ডে কারা জড়িত, তাঁদের খোঁজে ড্রোন উড়িয়ে চলছে তল্লাশি। সকালে ঘটনাস্থলে যান আসানসোল-দুর্গাপুর মিশনারেটের উচ্চপদস্থ পুলিশ কর্তারা। দুর্গাপুরে মেডিক্যাল কলেজের ছাত্রীকে গণধর্ষণের অভিযোগ! পুলিশ সূত্রে খবর, 'ক্যাম্পাসের বাইরে দুষ্কৃতীদের অত্যাচারের শিকার ডাক্তারির পড়ুয়া। সহপাঠীর সঙ্গে খেয়ে ক্যাম্পাসে ফেরার সময় আটকায় ২-৩জন দুষ্কৃতী', তারপরেই ফোন কেড়ে নির্জন জায়গায় টেনে নিয়ে অত্যাচারের অভিযোগ উঠেছে। বয়ান নেওয়া হয়েছে নির্যাতিতার, অভিযোগ পেয়ে চলছে তদন্ত। ওড়িশার জলেশ্বরের বাসিন্দা M B B S - এর দ্বিতীয় বর্ষের ছাত্রীআইকিউ সিটি মেডিক্যাল কলেজের ছাত্রীকে এই গণধর্ষণের অভিযোগ উঠেছে।

# পুলিশকর্মীর মেয়েকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার বাবা ও ছেলে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

হাড়োয়া: সোশ্যাল মিডিয়ায় ভিডিও ও রিলস বানানোর নাম করে কলকাতা পুলিশের এক পুলিশ কর্মীর নাবালিকা মেয়েকে বাড়িতে ডেকে তার গোপন ছবি তুলে সোশ্যাল মিডিয়ায় ভাইরাল করে দেওয়ার ভয় দেখিয়ে দিনের পর দিন ধর্ষণ করত বাবা ও ছেলে। এমন অভিযোগের ভিত্তিতে নাবালক ছেলে ও তার বাবাকে গ্রেফতার করল হাড়োয়া থানার পুলিশ।




অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্তে নেমে হাড়োয়া থানার পুলিশ রবিবার সকালে ওই এলাকা থেকে বিখ্যাত ইউটিউবার অরবিন্দু মণ্ডল ও তার নাবালক ছেলেকে গ্রেফতার করে। পুলিশি হেফাজতের আবেদন জানিয়ে অরবিন্দু মণ্ডলকে রবিবার দুপুরে পেশ করা হয়েছে বসিরহাট মহকুমা আদালতে । তদন্তের সাথে বাবা ও ছেলেকে হাড়োয়া থানার পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করবে। ওই নাবালিকার গোপন জবানবন্দি আদালতের রেকর্ড করানোর প্রক্রিয়া শুরু করেছে পুলিশ।

হাড়োয়া থানার মোহনপুর এলাকার বিখ্যাত ইউটিউবার অরবিন্দু মণ্ডল ও তার এক নাবালক ছেলে প্রতিবেশী এক নাবালিকাকে সোশ্যাল মিডিয়ায় ভিডিও ও রিলস বানানোর নাম করে গত কয়েক মাস আগে ডাকে। ভিডিও বানানোর নাম করে রাজ্যের বিভিন্ন প্রান্তে ওই নাবালিকাকে নিয়ে যায় বিখ্যাত ইউটিউবার অরবিন্দু মণ্ডল ও তার নাবালক ছেলে। সেখানে বিভিন্ন ভিডিও বানানোর পাশাপাশি ওই নাবালিকার কিছু গোপন ছবি ও ভিডিও তোলে অরবিন্দু। সেই ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল করে দেওয়ার নাম করে মাঝেমধ্যেই ওই নাবালিকাকে ধর্ষণ করতো অরবিন্দু ও তার নাবালক ছেলে। ওই নাবালিকা গত শুক্রবার সমস্ত ঘটনার কথা, তার পরিবারের লোকেদের জানায়। তার পরিবারে লোকেরা হাড়োয়া থানায় বাবা ও ছেলের বিরুদ্ধে অভিযোগ জানায়।

# রাজ্যসভা নির্বাচনে ৩ প্রার্থীর নাম ঘোষণা বিজেপির



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জম্মু ও কাশ্মীর থেকে রাজ্যসভা নির্বাচনে প্রার্থী তালিকা প্রকাশ বিজেপির। চার আসনের নির্বাচন হলেও বিজেপির প্রার্থী তালিকায় তিন জন প্রার্থীর নাম দেখা গিয়েছে। চমকপ্রদ বিষয় হল, এই তিন জনের মধ্যে একজন মুসলিম সম্প্রদায়ভুক্ত। প্রার্থীরা হলেন, গোলাম মহম্মদ মির, রাকেশ মহাজন ও সত্যপাল শর্মা।অন্যদিকে, চার রাজ্যসভা আসনের মধ্যে তিনটি আসনে প্রার্থীর নাম ঘোষণা ন্যাশনাল কনফারেন্স ও কংগ্রেস জোট। চতুর্থ আসনে প্রার্থী ঘোষণা করা হবে কিনা তা নিয়ে কংগ্রেসের সঙ্গে আলোচনা শুরু করেছে ফারুখ আবদুল্লাহর দল। শীঘ্রই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে জম্মু ও কাশ্মীরের শাসকদল। উল্লেখ্য, ২০১৯ সালে ৩৭০ ধারা প্রত্যাহারের ৫ বছর পর ২০২৪-এ বিধানসভা নির্বাচন হয়েছে জম্মু ও কাশ্মীরে। এই নির্বাচনে প্রাক্তন শাসকদল পিডিপিকে পিছনে ফেলে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় এসেছে ন্যাশনাল কনফারেন্স ও কংগ্রেস জোট। এবার সেখানেই বিধায়কদের ভোটে নির্বাচিত হবেন রাজ্যসভার ৪ সাংসদ।আগামী ২৪ অক্টোবর জম্মু ও কাশ্মীরের চারটি রাজ্যসভা আসনে নির্বাচন হতে চলেছে। হিসেব অনুযায়ী, জম্মু ও কাশ্মীরের ৪ আসনের মধ্যে ৩টি আসনে সংখ্যাগরিষ্ঠতা রয়েছে শাসকদল ন্যাশনাল কনফারেন্স ও কংগ্রেস জোটের। একটি আসনে জেতার সম্ভাবনা রয়েছে বিজেপির। তারপরও রবিবার বিজেপির তরফে যে প্রার্থী তালিকা প্রকাশ করা হয়েছে সেখানে দেখা গিয়েছে ৩ নাম। অর্থাৎ বাকি দুই আসনেও জোর লড়াইয়ে নামছে গেরুয়া শিবির। এই দুই প্রার্থীকে রাজ্যসভায় জেতাতে শাসকদলের বিধায়ক কেনাবেচা হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

## সম্পাদকীয়

### কমছে হিন্দু, বাড়ছে মুসলিম! জন্মহার নয়: অমিত

মাঝে ব্যবধান প্রায় দু'মাসের। যে বিতর্কের সূত্রপাত ঘটিয়েছিলেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তা যেন 'রূপ পেল' স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের হাত ধরে। অনুপ্রবেশকে দেশের ডেমোগ্রাফি 'বদলের' অণুঘটক হিসাবে দাগালেন তিনি। বরাবরই যে বিতর্ক বিবাদে লিপ্ত করেছে কেন্দ্র ও এই রাজ্যকে।গণতন্ত্র এই ভাবে চলতে পারে না।' অবশ্য শাহের এই মন্তব্যকে রাজনৈতিক হাতিয়ার বলেই দাগিয়েছে কংগ্রেস। অনুপ্রবেশকে ইস্যু করে স্বরাষ্ট্রমন্ত্রী দেশের অভ্যন্তরীণ সমস্যাগুলিকে এড়িয়ে যেতে চাইছেন বলেই মত প্রধান বিরোধী দলের। এদিন উত্তর প্রদেশের কংগ্রেস সভাপতি অজয় রাই বলেন, 'দেশজুড়ে সমস্যার পাহাড় তৈরি হয়েছে, তাই কি আপনি জনগণকে ভুল বোঝাতে ব্যস্ত হয়েছেন।স্বাধীনতা দিবসের দিন লালকেল্লা থেকে দেশের ডেমোগ্রাফি 'বদলের' কথা বলেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অনুপ্রবেশকেই দায়ী করেছিলেন তিনি। শুক্রবার নয়াদিল্লিতে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে সেই একই প্রসঙ্গ শোনা গেল স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের মুখেও। দেশে মুসলিম জনসংখ্যা বৃদ্ধির নেপথ্যে পাকিস্তান ও বাংলাদেশ থেকে হওয়া অনুপ্রবেশকেই দায়ী করলেন তিনি।

কী বললেন শাহ?

সংবাদসংস্থা পিটিআই-র একটি প্রতিবেদন অনুযায়ী, নয়াদিল্লির ওই অনুষ্ঠানে যোগ দিয়ে শাহ বললেন, 'এই দেশে হিন্দুদের সংখ্যা কমার নেপথ্যে ধর্মান্তরের কোনও বিশেষ ভূমিকা নেই।

অন্যদিকে মুসলিম জনসংখ্যা বৃদ্ধির কারণ আবার মোটেই বাড়ন্ত জন্মহার নয়। বরং, বিরাট সংখ্যায় অনুপ্রবেশ। এরপরেই একটি পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, 'দেশের মুসলিমদের সংখ্যা ২৪.৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে হিন্দু জনগণের সংখ্যা কমেছে ৪.৫ শতাংশ। এমন ভাববেন না যে দেশে ধর্ম নির্বিশেষে জন্মহার কমছে। বরং অত্যাধিক অনুপ্রবেশের কারণেই এই পরিস্থিতি তৈরি হয়েছে।

দেশভাগের পর পাকিস্তান দুই দিকেই ধর্মের ভিত্তিতে দেশ গড়েছিল। এবার সেই বাংলাদেশ আর পাকিস্তান থেকে অনুপ্রবেশকারীরা এই দেশে ঢুকে পড়ছে।' সমস্যা যেমন রয়েছে, সমাধানও রয়েছে। শাহের কথায়, জনসংখ্যার এই বৈষম্য ১৯৫১ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত প্রতিটি জনগণনায় ধরা পড়েছে।

কিন্তু বর্তমানে তা রুখতে তিনটি ধাপে শুরু হয়েছে অনুপ্রবেশদমন প্রক্রিয়া। শাহের কথায়, 'কেন্দ্র অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে, তাঁদের নাম ভোটার তালিকা থেকে মুছে, সব শেষে তাঁদের আবার নিজ দেশে পাঠিয়ে দিচ্ছে।' শুক্রবারের ওই অনুষ্ঠানে অনুপ্রবেশ প্রসঙ্গে বলতে গিয়েছে SIR-র কথাও তুলে ধরেন তিনি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'দেশজুড়ে সময় অন্তর ভোটার তালিকার বিশেষ ও নিবিড় সমীক্ষা করা কমিশনের দায়িত্ব। যদি ভোটার তালিকায় অনুপ্রবেশকারীদের নাম থাকে, তা হলে তারা ভারতের রাজনৈতিক ও প্রশাসনিক ভবিষ্যৎ নির্ধারণের অংশ হয়ে যাবেন। যা কখনওই কাম্য নয়।

## পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)




উচ্চস্থানে লাভ করেছে, কিন্তু মানবিকতার সামাজিক শিক্ষা তারা অনেকটাই পিছিয়ে। সেই কারণে আমরা সবাই জঘন্যতম সামাজিক ব্যাধি আজও শিকার হচ্ছি । আমরা সবকিছু জেনে বুঝে কেমন যেন নির্বাক, নিজের স্বার্থের বাইরে কিছু ভাবতে পারিনা আমার ।চিরাচরিত ইতিহাস বলছে বেশিরভাগ মানুষ স্বার্থনেশি, নিজের স্বার্থ ছাড়া ভাবতে পাড়ার মতন বিবেক শক্তি অনেকের নেই। সেই কারণে বিশ্বজুড়ে আজ মহামারি আকার ধারণ করেছে, তেমনি ইঙ্গিত পাওয়া যাচ্ছে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## দুর্যোগের ধাক্কা সামলে স্বাভাবিক হচ্ছে উত্তরবঙ্গ!



স্টাফ রিপোর্টার, রোজদিন

কয়েক দিনের দুর্যোগ শেষে স্বাভাবিক ছন্দে ফিরছে উত্তরবঙ্গ। টানা বৃষ্টি ও ধসে বিপর্যস্ত হয় দার্জিলিং, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার বহু এলাকা। ভেঙে গিয়েছিল একাধিক সেতু, বন্ধ হয়েছিল যোগাযোগ ব্যবস্থা। আলিপুরদুয়ারের জলদাপাড়ায় হলং নদীর উপর কাঠের সেতুটিও সম্পূর্ণ ভেঙে জলের তোড়ে ভেসে যায়। এর ফলে স্থানীয় মানুষ ও পর্যটকরা কার্যত আটকে পড়েন। অবশেষে সেটি মেরামতের পর স্থানীয় বাসিন্দা ও পর্যটকদের জন্য খুলে দেওয়া হল।

দুর্যোগের পর দ্রুত উদ্ধার ও পুনর্গঠনের কাজ শুরু করে প্রশাসন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে উত্তরবঙ্গ সফরে গিয়ে দ্রুত ক্ষয়ক্ষতির মেরামতির নির্দেশ দেন। এরপরই যুদ্ধকালীন তৎপরতায় তৈরি করা হল নতুন কাঠের সেতু। রবিবার মুখ্যমন্ত্রী ফের উত্তরবঙ্গ সফরে যাওয়ার আগে সাধারণের জন্য খুলে দেওয়া হয় এই সেতু।

স্থানীয় প্রশাসন জানিয়েছে, সেতু খুলে দেওয়ায় যোগাযোগ অনেকটাই স্বাভাবিক হয়েছে। গাড়ি চলাচল শুরু হওয়ায় পর্যটন কেন্দ্র জলদাপাড়া ও হলং বাংলো অঞ্চলে পর্যটকদের আনাগোনা

এরপর ৬ পাতায়

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কালীর প্রাচীনত্ব এবং কালীর মূর্তিরূপের প্রাচীনত্ব, এ দুটো এক নয়, এ দুটোকে এক করে ফেললে চলবে না। প্রকৃতিমাতৃকা সাধারণভাবে, এবং মা কালী বিশেষভাবে দীর্ঘদিন aniconic রূপে পূজিত হয়েছেন (প্রস্তরখণ্ড রূপে, এছাড়া যন্ত্র)।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(২ পাতার পর)

# বেসরকারি কলেজে কোনও ঘটনা ঘটলে, তার দায়িত্ব কার, প্রশ্ন তুলেছেন মমতা

উত্তরবঙ্গে বিপর্যয় পরিস্থিতি খতিয়ে দেখতে যাওয়ার আগে বৃহস্পতিবার সংবাদমাধ্যমের মুখোমুখি হন মমতা। সেখানে দুর্গাপুরের ঘটনা নিয়ে প্রশ্ন করলে মমতা বলেন, "পুলিশকে জিজ্ঞেস করুন, আমাকে নয়। একটি বেসরকারি কলেজ। কেউই সমর্থন করছে না। তিন সপ্তাহ আগে ওড়িশায় তিনটি মেয়েকে সমুদ্র সৈকতে ধর্ষণ করা হয়। ওড়িশা সরকার কী করেছে? বাংলায় মহিলাদের সঙ্গে কিছু হলে, আমরা হালকা ভাবে নিই না। গুরুতর ঘটনা।" (Durgapur Medical College Student Assault)

মমতা আরও বলেন, "স্তম্ভিত করে দেওয়ার মতো ঘটনা। ওই মেয়েটি বেসরকারি মেডিক্যাল কলেজে পড়ছিল। বেসরকারি কলেজে....কার দায়িত্ব। রাত ১২.৩০-এ বেরোল কী করে? আমি যতদূর জানি, জঙ্গলের মধ্যে ঘটেছে। ১২.৩০-এ কী হয়েছে জানি না। তদন্ত চলছে। আমি হতবাক। বেসরকারি মেডিক্যালগুলিকে সতর্ক হতে হবে, পড়ুয়াদের খেয়াল রাখতে হবে। বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে, রাতের বেলায় বাইরে বেরোতে দেওয়া উচিত নয়। নিজেদের রক্ষা করতে হবে। বিশেষ করে জঙ্গল এলাকায়। আমি প্রাথমিক যে রিপোর্ট পেয়েছি, পুলিশ তল্লাশি চালাচ্ছে। কেউ রেহাই পাবে না। যেই দোষী হোক না কেন, কড়া শাস্তি দেওয়া হবে।"

দুর্গাপুরের ঘটনায় এখনও পর্যন্ত তিন জনকে গ্রেফতার করা হয়েছে। মমতা বলেন, "তিন জনকে ইতিমধ্যেই গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার করা হয়েছে মেয়েটির বয়ানের ভিত্তিতেই। আমরা কড়া পদক্ষেপ করব।"

দুর্গাপুরে ওড়িশার বাসিন্দা ওই ছাত্রীকে গণধর্ষণের অভিযোগ ঘিরে রাজনীতিও তপ্ত হয়ে উঠেছে। সেই আবহেই উত্তরপ্রদেশ থেকে একটি গণধর্ষণের ঘটনা সামনে এসেছে। সেই নিয়ে প্রশ্ন করা হলে মমতা বলেন, "অন্য রাজ্যের ঘটনাও সমান নিন্দনীয়। মণিপুর, উত্তরপ্রদেশ, বিহারে, ওড়িশায় বহু ঘটনা ঘটেছে। সেখানকার সরকারেরও কড়া পদক্ষেপ করা উচিত। আমাদের রাজ্যে এক-দু'মাসে চার্জশিট দেওয়া হয়। নিম্ন আদালত মৃত্যুদণ্ড পর্যন্ত দিয়েছে।"

লখনউয়ে গণধর্ষণের ঘটনা নিয়ে মমতা বলেন, "অনেক ঘটনা ঘটছে। রোজ ঘটছে। সেখানে মাথাব্যথা নেই। ধর্ষিতাকে আদালতে পৌঁছনোর আগে পুড়িয়ে মেরে ফেলা হয়। সাংবাদিকদের ধরে, নগ্ন করে জেলে পুরে রাখে। এমন অনেক ঘটনা ঘটে। আমরা কোনও ঘটনাকেই সমর্থন করি না। জিরো টলারেন্ট নীতি মেনে চলি বাংলায়। বিভিন্ন রাজ্যের ছেলেমেয়ে এখানে পড়তে আসেন। তাদের আমি অনুরোধ করব, রাত্রি বেলা না বেরোতে। পুলিশ তো জানতে পারে না, কে কখন রাত্রিবেলা বেরিয়ে যাচ্ছে! বেসরকারি মেডিক্যাল কলেজেরও একটা দায়িত্ব আছে, পড়ুয়াদের দেখভাল করা। পুলিশ তো আর বাড়িতে বাড়িতে গিয়ে বসে থাকবে না! কেউ যদি রাত ১২.৩০টায় বেরিয়ে কোথাও যায়...ঘটনাটা নিন্দনীয়, ঘটনাটিকে সমর্থন করছি না। যে যেখানে যেতে পারে, তার অধিকার। কিন্তু হস্টেলে থাকে যারা, একটা সিস্টেম আছে। ও ফার্স্ট ইয়ারের পড়ুয়া। এটা প্রাইভেট কলেজ। ওদের নিরাপত্তা আরও বাড়ানো উচিত। আমি ডিটেলস খবর নিয়েছি। পুলিশকে বলেছি কড়া পদক্ষেপ করতে। কেউ রেহাই পাবে না।"

মমতার এই মন্তব্যএ প্রতিক্রিয়া জানিয়ে রাজ্য বিজেপি-র সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, "কিছুদিন আগে একই বার্তা দিয়েছিলেন মদন মিত্র। সেই বিতর্ক নিয়ে আপনারাও সংবাদ পরিবেশন করেছেন। দক্ষিণ কলকাতার ল কলেজের বেলায় বসেছিলেন, এত রাতে কেন এসেছেন। আজ স্বয়ম মুখ্যমন্ত্রী স্বীকার করলেন, রাজ্যে আইনশৃঙ্খলা বলে কিছু নেই। উনি যে বাংলা ও বাঙালির কথা বলছেন...উত্তরপ্রদেশের বাঙালিরা বলছেন, রাত ৮টার পর আমাদের মেয়েরা নিরাপদে কোথাও যেতে পারে, টিউশন থেকে ফিরতে পারে। এটাই আইনশৃঙ্খলা-হীনতার সবচেয়ে বড় উদাহরণ। মুখ্যমন্ত্রী বলে দিচ্ছেন, সন্ধেয় মেয়েরা বাইরে বেরোবেন না। এর পর সরকারটা থাকার নৈতিক বা রাজনৈতিক অধিকার আছে কি? মুখ্যমন্ত্রী এবং পুলিশমন্ত্রী হিসেবে ওই পদে বসে থাকার অধিকার কি আছে তাঁর? মানুষ বীতশ্রদ্ধ। তৃণমূলকে পরীক্ষা করেছেন, এখন প্রত্যাখ্যানের সময়। ভয়মুক্ত পরিবেশ তখনই গড়ে উঠবে, তৃণমূলের বিসর্জন হবে যখন। সেই বিসর্জন অবশ্যম্ভাবী।"

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumaha Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# পাকিস্তানের ২৫ সীমান্তপোস্ট দখলের দাবি তালেবানের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



শনিবার রাতভর পাকিস্তান ও আফগানিস্তানের নিরাপত্তা বাহিনীর মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। এ সময় পাকিস্তান সেনাবাহিনীর ২৫টি সীমান্তপোস্ট দখল ও তাদের ৫৮ জন সেনাকে হত্যার দাবি করেছে আফগানিস্তান। কাবুলে ক্ষমতাসীন তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ এ তথ্য জানিয়েছেন।

আফগানিস্তানের তোলো নিউজের প্রতিবেদনে দাবি করা হয়েছে, সীমান্তে এখনও উত্তেজনা বিরাজ করছে। আফগান প্রতিরক্ষা মন্ত্রণালয় পাকিস্তান সীমান্তবর্তী কুনার প্রদেশের বেশ কয়েকটি এলাকায় ট্যাংক ও ভারী অস্ত্র মোতায়েন করেছে।

এক লিখিত বিবৃতিতে তালেবান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ বলেছেন, শনিবার রাতের সংঘাতে আফগানিস্তানের সীমান্তবর্তী ২৫টি সীমান্তপোস্ট থেকে পাক সেনাদের হটিয়ে দিয়েছে আফগান সেনাবাহিনী। সংঘাতের সময় আফগান সেনাদের বন্দুক ও গোলা হামলায় এসব সীমান্ত পোস্টের কমপক্ষে ৫৮ জন সেনা নিহত হয়েছেন এবং আহত হয়েছেন আরও ৩০ জন।

এ সময় আফগানিস্তানের নয় সেনা নিহত ও আরও ১৬ জন আহত হয়েছেন বলেও জানান তালেবান মুখপাত্র।

পাকিস্তান যদি ফের আফগানিস্তানের সার্বভৌমত্ব লঙ্ঘন করে, তাহলে আরও কঠোর প্রতিক্রিয়া জানানো হবে বলে হুঁশিয়ারিও দিয়েছেন তিনি।

পাকিস্তানের নিষিদ্ধ রাজনৈতিক গোষ্ঠী তেহরিক-ই তালিবান পাকিস্তানের নেতাদের আশ্রয়-প্রশ্রয় ও সহায়তা প্রদানের অভিযোগে গত বৃহস্পতিবার মধ্যরাতে আফগানিস্তানের রাজধানী কাবুলে বিমান হামলা চালায় পাকিস্তান। পাকিস্তান তেহরিক-ই-তালিবানের (টিটিপি) প্রধান নূর ওয়ালি মেসুদ নিহত হয়েছেন বলে গুঞ্জন শোনা যাচ্ছে। সঙ্গে ক্বারী সাইফুল্লাহ মেসুদসহ তার কয়েকজন সহযোগীও প্রাণ হারিয়েছেন বলে ধারণা করা হচ্ছে। সাইফুল্লাহ মেসুদকে টিটিপির পরবর্তী প্রধান হিসেবে বিবেচনা করা হচ্ছিল।

আফগানিস্তানে ক্ষমতাসীন তালেবান সরকার এই হামলায় নিহত ও আহতদের সম্পর্কে কোনও তথ্য দেয়নি। তবে শুক্রবার দেশটির সরকারের পক্ষ থেকে বলা হয়েছে, আফগানিস্তানের সার্বভৌমত্বের ওপর হামলা চালিয়েছে পাকিস্তান।

এরপর শনিবার রাতে আফগানিস্তানের সীমান্তবর্তী পাকিস্তানের আঙ্গুর আড্ডা, বাজাউর, কুরম, দির, চিত্রাল, বারামচাসহ আরও কয়েকটি এলাকায় হামলা চালায় আফগান সেনাবাহিনী।

তবে পাকিস্তানের সেনাবাহিনীও প্রস্তুত হয়ে ছিল। আফগানিস্তানের হামলার পরপরই পাল্টা জবাব দেওয়া শুরু করে পাকিস্তান।

রবিবার সকালে এক বিবৃতিতে পাকিস্তানের সেনাবাহিনী দাবি করেছে, আফগানিস্তানের সীমান্তবর্তী ১৯টি পোস্ট দখল করেছে পাক সেনবাহিনী এবং এ সময় সংঘাতে কয়েক ডজন আফগান সেনা নিহত ও আহত হয়েছেন। সুস্থ আফগান সেনারা নিহত এবং আহতদের ফেলে পালিয়ে গেছেন বলেও উল্লেখ করা হয়েছে পাকিস্তানের বিবৃতিতে।

পাকিস্তানের সেনাবাহিনী বিবৃতি দেওয়ার কয়েক ঘণ্টা পর এই পাল্টা বিবৃতি দিলো আফগানিস্তান।

(৪ পাতার পর)

## দুর্যোগের ধাক্কা সামলে স্বাভাবিক হচ্ছে উত্তরবঙ্গ!

বাড়ছে। সেতু ভেঙে যাওয়ায় ক্ষতিগ্রস্ত হয়েছিল এলাকার একাধিক হোটেল ও হোমস্টে ব্যবসা। পর্যটনের মৌসুমে হঠাৎ এমন বিপর্যয়ে দুশ্চিন্তায় ছিলেন ব্যবসায়ী ও সাধারণ মানুষ। এবার সেই উদ্বেগ কাটতে শুরু করেছে।

এলাকার এক বনকর্মী বলেন, “সেতু না থাকায় হাতি লোকালয়ে ঢুকলে পৌঁছতে সমস্যা হচ্ছিল। এখন রাস্তা খুলে যাওয়ায় অনেক সুবিধা হয়েছে।” পর্যটক সিমু দত্ত জানান, “পরিস্থিতি আগের তুলনায় অনেকটাই ভাল। এখন গাড়ি নিয়ে যাতায়াত করা যাচ্ছে। রাস্তাগুলিও মেরামতের কাজ চলছে।" প্রশাসনের তরফে জানানো হয়েছে, অন্যান্য ক্ষতিগ্রস্ত এলাকা ও রাস্তার মেরামতির কাজও দ্রুত গতিতে চলছে। স্থানীয় মানুষ আশা করছেন, আগামী সপ্তাহগুলিতে পর্যটক সংখ্যা আরও বাড়বে।

## ভারতকে আবারও দুঃসংবাদ দিল যুক্তরাষ্ট্র

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইরানের ওপর সর্বোচ্চ অর্থনৈতিক চাপ প্রয়োগের অংশ হিসেবে ভারতের আট নাগরিক এবং নয়টি কোম্পানির ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

বৃহস্পতিবার ঘোষিত সর্বশেষ মার্কিন ঘোষণায় বলা হয়েছে, এসব ব্যক্তি ও প্রতিষ্ঠান ইরানি তেল, পেট্রোলিয়াম পণ্য এবং পেট্রোকেমিক্যালের বাণিজ্যে জড়িত।

একই সঙ্গে যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয়ের অধীন ‘অফিস অব ফরেন অ্যাসেটস কন্ট্রোল (ওএফএসি)’ ইরান থেকে বিদেশি ক্রেতাদের কাছে তেল ও তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) পরিবহনে সহায়তা করার অভিযোগে আরও ৬০ ব্যক্তি, প্রতিষ্ঠান ও জাহাজকে কালোতালিকাভুক্ত করেছে। চীন ও সংযুক্ত আরব আমিরাতসহ আরও কয়েকটি দেশের প্রতিষ্ঠানও রয়েছে এ তালিকায়।

প্রতিবেদনে বলা হয়, মার্কিন পররাষ্ট্র দপ্তরের নিষেধাজ্ঞার তালিকায় থাকা প্রতিষ্ঠানগুলোর মধ্যে আটটি ভারতীয় রাসায়নিক এবং পেট্রোকেমিক্যাল বাণিজ্য প্রতিষ্ঠান। এর মধ্যে রয়েছে মুম্বাই-ভিত্তিক সংস্থা সিজে শাহ অ্যান্ড কোং, কেমোভিক, মোডি কেম, পারিচেম রিসোর্সেস, ইন্ডিসল মার্কেটিং, হরেশ পেট্রোকেম এবং শিব টেক্সচেম এবং দিল্লি-ভিত্তিক বিকে সেলস কর্পোরেশন।

মার্কিন পররাষ্ট্র দপ্তরের মতে, এই সংস্থাগুলো গত কয়েক বছর ধরে কয়েক মিলিয়ন ডলার মূল্যের ইরানি-উৎপাদিত পেট্রোকেমিক্যাল আমদানি করেছে।

পররাষ্ট্র দপ্তরের তালিকায় থাকা পাঁচ ভারতীয় নাগরিকরা হলেন- কেমোভিকের পরিচালক পীযূষ মাগনলাল জাভিয়া, ইন্ডিসল মার্কেটিং পরিচালক নীতি উন্মেশ ভট্ট এবং হরেশ পেট্রোকেমের পরিচালক কমলা কাসাত, কুণাল কাসাত এবং পুনম কাসাত।

এছাড়া ওএফএসির তালিকায় আরও তিন ভারতীয়- বরুণ পুলা, আয়াপ্পান রাজা ও সোনিয়া শ্রেষ্ঠার নাম রয়েছে। তাদের বিরুদ্ধে অভিযোগ, তারা ইরানি এলপিজি পরিবহনকারী জাহাজগুলোর সঙ্গে যুক্ত ছিলেন।

# সিনেমার খবর

# শাহরুখ খানের জাতীয় পুরস্কার জয়ে উচ্ছ্বসিত গৌরী যা বললেন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



তিন দশকের অভিনয়জীবনের দীর্ঘযাত্রায় প্রথমবারের মতো জাতীয় পুরস্কার পেলেন বলিউড বাদশাহ শাহরুখ খান। অ্যাটলি পরিচালিত 'জওয়ান' সিনেমায় সেরা অভিনেতার সম্মান জিতে নিয়েছেন তিনি। এ অর্জনে উচ্ছ্বসিত ভক্ত-অনুরাগীরা। শুধু তাই নয়, পরিবারের সদস্যরাও আনন্দিত।

গত মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দিল্লির বিজ্ঞান ভবনে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান অনুষ্ঠানে এ সম্মাননা গ্রহণের পর থেকেই ভক্তদের অভিনন্দনের জোয়ারে ভাসছেন কিং খান। তবে সবচেয়ে মর্মস্পর্শী ছিল তার সন্তানদের প্রতিক্রিয়া।

সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে একটি যৌথ খোলা চিঠিতে আরিয়ান খান ও সুহানা তাদের বাবাকে অভিনন্দন জানিয়েছেন। তারা খোলা চিঠিতে লিখেছেন—বাবা, তোমাকে খুব ভালোবাসি।

তারা আরও লিখেছেন—শাহরুখ সব সময়ই বলেন, তিনি কখনো রুপা জেতেননি, কেবল সোনা হারিয়েছেন; কিন্তু এ ক্ষেত্রে রুপাই আসল সোনা। এ সম্মান পেয়ে তারা অত্যন্ত আপ্লুত ও গর্বিত।

শুধু এখানেই শেষ নয়; আরিয়ান ও সুহানার মতো শাহরুখপত্নী গৌরী খানও সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে স্বামীকে শুভেচ্ছা জানিয়েছেন। গৌরী খান লিখেছেন— কী অসাধারণ তুমি শাহরুখ! তোমার এই জাতীয় পুরস্কারপ্রাপ্তি অনেক পরিশ্রমের ফল। এখন সেই পুরস্কারটি বাড়িতে রাখার জন্য একটি বিশেষ ব্যবস্থা করছি।

# খুব শিগগির বাবা হতে চান সালমান খান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডের ভাইজানখ্যাত অভিনেতা সালমান খান ও মিস্টার পারফেকশনিস্ট অভিনেতা আমির খান অভিনয়ের পাশাপাশি ব্যক্তিগত জীবনের জন্যও বারবার খবরের শিরোনামে উঠে আসেন। আর কোনো না কোনো একটা খবর থাকেই। এবার এ দুই খানের প্রথম জুটি টুইঙ্কেল খান্না ও কাজলের অনুষ্ঠানে। সম্প্রতি সেই অনুষ্ঠানে এসে নিজেদের ব্যক্তিগত জীবন নিয়েও আলোচনা করলেন তারা।

অনুষ্ঠানে সালমানের সঙ্গে বন্ধুত্ব নিয়ে আমির খান বলেন, প্রথম দিকে তিনি বাঁকা চোখে দেখতেন সালমানকে। ‘আন্দাজ আপনা আপনা’ সিনেমার সময় থেকে বন্ধুত্ব হতে শুরু করে।



তিনি বলেন, আমার তখন রিনার সঙ্গে বিচ্ছেদ হয়েছিল। তোমার মনে আছে সালমান? তুমি একদিন আমার বাড়িতে নৈশভোজ করতে এসেছিলে। সেখান থেকেই আমাদের গভীর বন্ধুত্ব শুরু হয়েছিল।

এবার আমির খানকে থামিয়ে নিজের অতীতের সম্পর্ক নিয়ে সালমান বলেন, আরে ভাই, সম্পর্ক জমেনি। আর কী করা যাবে। কাউকে যদি দোষ দিতেই হয়, তাহলে আমাকে দোষ দেওয়াই ভালো।

সালমান খানও নিজের অতীতের সম্পর্ক নিয়ে কথা বলেন। তিনি বলেন, সম্পর্কে যখন একজন সঙ্গী আর একজনের চেয়ে বেশি এগিয়ে যায়, তখনই সমস্যার শুরু হয়। সেখান থেকেই নিরাপত্তাহীনতা জায়গা করে নেয় সম্পর্কে। তাই দুজনের একসঙ্গে উন্নতি করা খুব জরুরি।

ভাইজান একাধিক সম্পর্কে জড়িয়েছেন। কিন্তু স্থায়ী হয়নি কোনোটাই। বিয়েও করেননি। আবার বাবা হওয়ার স্বপ্ন দেখেন সালমান। অভিনেতা বলেন, একদিন আমার অনেকগুলো সন্তান থাকবে। খুব শিগগির, দেখা যাক।

# ভোজপুরি অভিনেতাকে লাঠি দিয়ে পিটিয়েছিলেন জয়া, যা বললেন অভিনেতা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোজপুরি সিনেমায় ‘গঙ্গাদেবী’তে বলিউড শাহেনশাহ অভিনেতা অমিতাভ বচ্চন ও অভিনেত্রী জয়া বচ্চনের সঙ্গে অভিনয় করার সুযোগ পেয়েছিলেন অভিনেতা দীনেশ লাল যাদব, যিনি নিরাহুয়া নামে পরিচিত। সেই সিনেমায় একটি দৃশ্য ছিল, নিরাহুয়াকে পেটাবেন জয়া বচ্চন। পেটানোর অভিনয় করতে গিয়ে নাকি সত্যি সত্যিই তাকে মেরেছিলেন অভিনেত্রী। সম্প্রতি এক সাক্ষাৎকারে এমন কথাই বলেন নিরাহুয়া। তিনি বলেন, উনি খুব রেগে যান। আমাকে সত্যি সত্যিই লাঠি দিয়ে পিটিয়েছিলেন।

দীনেশ লাল যাদব বলেন, অমিতাভ বচ্চন খুবই আন্তরিক মানুষ। শুটিং সেটে তিনি রসিকতা করতেন। কিন্তু জয়া মারধর করতেও ছাড়তেন না। ভোজপুরি অভিনেতা বলেন, আমি অবাক হয়ে যাই, যখন জানতে পারি, ওদের সঙ্গে আমি অভিনয় করব। আমার জন্য ওরা ঈশ্বরের মতো।

তিনি বলেন, অমিতাভ বচ্চন অসাধারণ মানুষ। আমার পরিস্থিতি বুঝতে পেরে নানা রকমের রসিকতা করতেন, যাতে আমি স্বচ্ছন্দবোধ করি। খুব হাসাহাসি করতেন। আর পরিবেশটা খুবই মজাদার করে রাখতেন।

অমিতাভের সঙ্গে সম্পর্ক আন্তরিকতার হলেও জয়া বচ্চনকে কিছুটা ভয় পেতেন অভিনেতা। তার মায়ের চরিত্রে অভিনয় করেছিলেন অভিনেত্রী। নিরাহুয়া বলেন, একটি দৃশ্যে আমাকে আমার স্ত্রীর গালে চড় মারতে হতো। আর জয়াজি আমার মায়ের চরিত্রে অভিনয় করছিলেন।

তিনি বলেন, মা হিসেবে তিনি আমাকে লাঠি দিয়ে মারধর করবেন— এমনই ছিল সেই দৃশ্যটি। কিন্তু অভিনয় না করে, তিনি সত্যি সত্যিই আমাকে মারতে থাকেন। খুব জোরেই মেরেছিলেন। আমার খুব লেগেছিল। ওর মাথা খুব গরম।

মার খেয়ে নিরাহুয়া সেই দিন বলেছিলেন, আপনি মারছেন, আমার কিন্তু লাগছে। তখন জয়া বলেছিলেন— তাহলে তুমি আমার পুত্রবধূকে মারছ কেন? এই শুনে অবাক নিরাহুয়া বলেছিলেন, আরে এটা তো অভিনয় মাত্র। আপনি খুব জোরে মারছেন। তবে আজও অমিতাভ ও জয়ার সঙ্গে অভিনয় করার অভিজ্ঞতা উপভোগ করেন বলে জানান নিরাহুয়া।

# কুলদীপের পাঁচ উইকেট, ২৪৮ রানে শেষ ক্যারিবিয়ানদের প্রথম ইনিংস

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারত-ওয়েস্ট ইন্ডিজের মধ্যে প্রথম টেস্ট শেষ হয়েছিল মাত্র আড়াই দিনে। টিম ইন্ডিয়া জিতেছিল ইনিংস ও ৪০ রানে। তবে দ্বিতীয় টেস্টে শুভমান গিল ব্রিগেড চালকের আসনে থাকলেও, ওয়েস্ট ইন্ডিজ অন্তত লড়াইটা দিচ্ছে। যদিও তাদের প্রথম ইনিংস শেষ হয়েছে ২৪৮ রানে। এদিনের চারটি-সহ প্রথম ইনিংসে পাঁচ উইকেট নিয়ে ক্যারিবিয়ান ব্যাটিংকে ভাঙলেন কুলদীপ যাদব।




শনিবার ১৪০ রানে ৪ উইকেটে হারিয়ে দিন শেষ করেছিল ওয়েস্ট ইন্ডিজ। এদিন লাঞ্চের আগেই তাদের আরও চার উইকেটের পতন হয়েছে। আট উইকেট হারিয়ে ২১৭ রান করে মধ্যাহ্নভোজনে গিয়েছিল তারা। তবে লাঞ্চ থেকে ফিরেই আরও একটি উইকেট হারায় ক্যারিবিয়ানরা।

লাঞ্চের আগে ওয়েস্ট ইন্ডিজ এদিন ২৯ ওভারে চার উইকেট হারিয়ে ৭৭ রান করেছে।

তৃতীয় দিনের শুরুতেই পঞ্চম উইকেট খুইয়ে ধাক্কা খায় ওয়েস্ট ইন্ডিজ। শাই হোপ কুলদীপ যাদবের স্পিনের নাগাল না পেয়ে ৩৬ রান করে ক্লিন বোল্ড হন। ওয়েস্ট ইন্ডিজের ষষ্ঠ উইকেট পড়ে ১৬৩ রানে। কুলদীপ ২১ রানে টেভিন ইমলাচকে এলবিডব্লিউ আউট করেন। এটি ছিল কুলদীপের তৃতীয় উইকেট। ১৭৪ রানে সপ্তম উইকেটের পতন হয় ক্যারিবিয়নদের। কুলীদেপর ফাঁদে পড়ে জাস্টিন গ্রিভস এলবিডব্লিউ হন মাত্র ১৮ রান করে। ওয়েস্ট ইন্ডিজের অষ্টম উইকেট ১৭৫ রানে পড়ে। এরপর সিরাজ জোমেল ওয়ারিকানকে (১) ক্লিন বোল্ড করেন।

অষ্টম জুটিতে কিছুটা প্রতিরোধ গড়ার চেষ্টা করেন জোমেল ওয়ারিকান ও অ্যান্ডরসন ফিলিপ। খ্যারি পিয়েরকে (২৩) আউট করে ২৬ রানের জুটি ভাঙেন জসপ্রীত বুমরাহ। এরপর জায়ডেন সিয়ালেসকে ফিরিয়ে ২৪৮ রানে ওয়েস্ট ইন্ডিজের প্রথম ইনিংস শেষ করে দেন কুলদীপ। প্রথম ইনিংসে ভারত এগিয়ে ২৭০ রানে।

# ফিফার ভাবনায় ৬৪ দলের বিশ্বকাপ আয়োজন




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ফুটবল বিশ্বকাপে অংশগ্রহণকারী দলের সংখ্যা আরও বাড়তে পারে। ২০২৬ সালের আসরে ৪৮ দল অংশ নেবে। এর আগে ৩২ দল অংশ নিলেও ফিফা সেই সংখ্যা বাড়ায়। এবার ফিফার লক্ষ্য আরও বড়—২০৩০ সালের বিশ্বকাপে ৬৪ দল নিয়ে আয়োজনের পরিকল্পনা করছে সংস্থাটি। এ নিয়ে ইতোমধ্যে উচ্চপর্যায়ের বৈঠক করেছেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো। তবে এখনও এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি।

নিউইয়র্কে অনুষ্ঠিত ওই বৈঠকে ইনফান্তিনোর সঙ্গে উপস্থিত ছিলেন কনমেবল সভাপতি আলেহান্দ্রো ডমিঙ্গেজ, আর্জেন্টিনা ও উরুগুয়ের ফেডারেশন প্রধানরা, প্যারাগুয়ের প্রেসিডেন্ট সান্তিয়াগো পেনা এবং উরুগুয়ের প্রেসিডেন্ট ইয়ামান্দু ওরসি। চলতি বছরের মার্চে উরুগুয়ের একজন প্রতিনিধি প্রথমবার অনলাইনে ফিফার নির্বাহী কাউন্সিল সভায় এই প্রস্তাব উত্থাপন করেন।

বৈঠক শেষে আলেহান্দ্রো ডমিঙ্গেজ সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, “আমরা বিশ্বাস করি ২০৩০ বিশ্বকাপ হবে ঐতিহাসিক। ধন্যবাদ ফিফা সভাপতিকে, আমাদের স্বপ্নের এই যাত্রায় একাত্ম হওয়ার জন্য। ফুটবল যখন সবার সঙ্গে ভাগাভাগি হয়, তখন উদযাপন সত্যিকার অর্থেই বৈশ্বিক হয়ে ওঠে।”

৬৪ দলের বিশ্বকাপ হলে কনমেবলের ১০ সদস্য দেশই স্বয়ংক্রিয়ভাবে জায়গা করে নেবে। এতে টুর্নামেন্টের মোট ম্যাচ দাঁড়াবে ১২৮, যা বর্তমান ৬৪ ম্যাচের প্রায় দ্বিগুণ।

তবে ইউরোপীয় ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা উয়েফার সভাপতি আলেক্সান্দার সেফেরিন এই প্রস্তাবকে ‘খারাপ ধারণা’ আখ্যা দিয়েছেন। সমালোচকরা মনে করছেন, এতে খেলার মান কমে যেতে পারে এবং বিশ্বকাপ বাছাইপর্বের গুরুত্ব হারাতে পারে।

যদি শেষ পর্যন্ত ফিফা এই প্রস্তাবে অনুমোদন দেয়, তবে শতবর্ষপূর্তির আসরটি হবে বিশ্বকাপের ইতিহাসে সবচেয়ে বড় আয়োজন।

# ২০২৬ বিশ্বকাপ ফুটবল, ইসরায়েলকে নিষিদ্ধের উদ্যোগ ঠেকাবে যুক্তরাষ্ট্র

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইসরায়েলকে ২০২৬ বিশ্বকাপ থেকে নিষিদ্ধ না করতে উদ্যোগ নিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র।

ইসরায়েলকে আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতা থেকে স্থগিত করতে মঙ্গলবার আন্তর্জাতিক ফুটবল সংস্থা ফিফা এবং ইউরোপীয় ফুটবল সংস্থা উয়েফার প্রতি আহ্বান জানায় জাতিসংঘের বিশেষজ্ঞদের একটি দল।

এ প্রসঙ্গে মার্কিন পররাষ্ট্র দফতর জানায়, “আমরা অবশ্যই সর্বাত্মকভাবে কাজ করব, যাতে ইসরায়েলের জাতীয় ফুটবল দলকে বিশ্বকাপ থেকে নিষিদ্ধ করার কোনও প্রচেষ্টা সফল না হয়।”

উল্লেখ্য, আসন্ন ২০২৬ বিশ্বকাপের বেশিরভাগ ম্যাচ অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্রে। ইতোমধ্যে বিশ্বকাপে অংশগ্রহণের জন্য বাছাইপর্বে খেলছে ইসরায়েল, যা উয়েফার প্রতিযোগিতার অন্তর্ভুক্ত।

এর আগে স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সাঞ্চেজ ইসরায়েলি ক্রীড়াবিদদের



সব ধরনের আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা থেকে নিষিদ্ধ করার আহ্বান জানিয়েছেন। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে ফিলিস্তিনের পক্ষে আন্দোলনকারীদের সমর্থন আরও শক্তিশালী হচ্ছে।

বিশ্লেষকরা মনে করছেন, স্পেনের এই আহ্বান ক্রীড়া ও কূটনীতির ওপর গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি আন্তর্জাতিক ক্রীড়া সংস্থাগুলোর উপর চাপ সৃষ্টি হতে পারে, যা ইসরায়েলি খেলোয়াড়দের অংশগ্রহণ ও ভবিষ্যত প্রতিযোগিতায় প্রভাব ফেলতে পারে।

তবে যুক্তরাষ্ট্র পক্ষে থাকায় ইসরায়েলকে বিশ্বকাপ ফুটবল থেকে বহিষ্কার করা কঠিন হবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR